22

দৈনিক সংবাদ

তারিখ ... 25 FEB 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫

# রাজশাহী বিভাগের প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ভর্তি ও উপস্থিতির হার বেড়েছে

।। মলয় ভৌমিক ।।

রাজশাহী, ২৪শে ফেব্রুয়ারি।— রাজশাহী বিভাগের ১৬টি জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে '৯৩ সালের তুলনায় বিগত '৯৪ সালে ছাত্রছাত্রী ভর্তির হার শতকরা ৪ ভাগের বেশি বেড়েছে। তবে এই সময়ে বিদ্যালয়ে ছাত্র উপস্থিতির হার বেড়েছে শতকরা এক ভাগের কিছু বেশি। অন্যদিকে বিদ্যালয় থেকে ছাত্র ঝরে পড়ার হার বিগত বছরের তুলনায় '৯৪ সালে সামান্য কমেছে।

রাজশাহী বিভাগীয় প্রাথমিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক অধ্যাপক আবদুল হাই প্রদত্ত তথ্য থেকে জানা যায়, ১৯৯৩ সালে বিভাগের ১৬টি জেলায় বিদ্যালয়ে গমন উপযোগী 'ছাত্রছাত্রীর' (৬+ও ১০+) সংখ্যা ছিল ৪২ লাখ ১৯ হাজার ৮শ' ৮৩ জন। এদের মধ্যে বিদ্যালয়ে ভর্তি হয় ৩৪ লাখ ৯৭ হাজার একশ' ৯৫ জন। অর্থাৎ শতকরা ৮৩ ভাগ শিশু বিদ্যালয়ে ভর্তির সুযোগ পায় বা ভর্তি হয় এবং ৭ লাখের বেশি শিশু বিদ্যালয়ে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত থাকে। ১৯৯৪ সালে বিভাগে বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ছিল ৪৩ লাখ ৮২ হাজার ৯শ' ২২টি। এদের মধ্যে বিদ্যালয়ে ভর্তি হয় ৩৮ লাখ ১৫ হাজার ৮শ' ৬৩টি। ভর্তির হার ছিল ৮৭ দশমিক ৪ ভাগ। এই হার '৯৩ সালের তুলনায় শতকরা ৪ দশমিক ৪ ভাগ বেশি। এবছরও অবশ্য প্রায় ৬ লাখ শিশু বিদ্যালয়ে ভর্তি হতে পারেনি বা ভর্তির সুযোগ থেকে বঞ্চিত থেকেছে।

জেলাওয়ারী হিসেব থেকে দেখা যায়, '৯৩ সালে ছাত্রভর্তির সবচেয়ে বেশি হার ছিল পাবনা জেলায়। ঐ বছর এ জেলায় শতকরা ৮৯ দশমিক ৫ ভাগ ছাত্রছাত্রী বিদ্যালয়ে ভর্তি হয়। '৯৩ সালে সবচেয়ে কম ছাত্র ভর্তি হয়েছিল কুড়িগ্রাম জেলায়। শতকরা হার ছিল ৭৫ ভাগ। গেল বছর অর্থাৎ '৯৪ সালে সব থেকে বেশি ছাত্র ভর্তি হয়েছিল পঞ্চগড় জেলায়— শতকরা ৯৩ দশমিক ৬ ভাগ। এবছরও সব থেকে কম ছাত্র ভর্তি হয়েছে কুড়িগ্রাম জেলায়। ভর্তির হার শতকরা ৭৮ ভাগ। অভাবী এলাকা হওয়ায় কুড়িগ্রাম জেলায় ছাত্রভর্তির হার তুলনামূলকভাবে কম বলে সংশ্লিষ্ট দপ্তর জানায়।

বিভাগের ১৬টি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা সরকারি বেসরকারি মিলিয়ে প্রায় ১৮ হাজার। এসব বিদ্যালয়ে ছাত্র উপস্থিতির হার '৯৩ সালের তুলনায় '৯৪ সালে বেড়েছে শতকরা এক দশমিক এক ভাগ। '৯৩ সালে ছাত্র উপস্থিতির হার সব থেকে বেশি ছিল চাঁপাইনবাবগঞ্জ জেলায় শতকরা ৭৮ দশমিক ৫ ভাগ। এবছর উপস্থিতির হার সবচেয়ে কম ছিল পঞ্চগড় জেলায়— শতকরা ৬৯ দশমিক ৮ ভাগ। '৯৪ সালে বিদ্যালয়ে সবচেয়ে বেশি ছাত্র উপস্থিত ছিল পঞ্চগড় জেলায় (আগের বছর এ জেলায় সব থেকে কম ছিল)— শতকরা ৮২ দশমিক ২ ভাগ। সবচেয়ে কম ছাত্র উপস্থিতি ছিল গাইবান্ধা জেলায়— শতকরা ৬৬ দশমিক ৮ ভাগ।

ছয় প্লাস (৬+) বয়সের শিশুদের জন্য পৃথক জরিপ প্রতিবেদন থেকে দেখা যায়, ১৬টি জেলায় '৯৩ সালের তুলনায় '৯৪ সালে ভর্তির হার শতকরা ৩ ভাগের ওপরে বেড়েছে। '৯৩ সালে এই বয়সের শিশুদের ভর্তির হার ছিল শতকরা ৮৮ ভাগ। '৯৪ সালে হার বেড়ে দাঁড়ায় ৯১ দশমিক ২ ভাগ। এই শিশুদের উপস্থিতির হারও '৯৩ সালের তুলনায় শতকরা এক ভাগ বেড়েছে '৯৪ সালে। এছাড়া বিভাগের ১৬টি জেলায় ছাত্রছাত্রী ঝরে পড়ার হার '৯৩ সালের শতকরা ৯ দশমিক ২ ভাগের তুলনায় '৯৪ সালে কমে দাঁড়িয়েছে শতকরা ৯ ভাগে।